



বাংলা বিভাগের উদ্যোগে বসন্ত বরণ-১৪২৩ উদযাপিত

ফুল ফুটুক আর না ফুটুক, আজ বসন্ত। এ উপলক্ষে আজ (১ ফাল্গুন-১৪২৩/১৩ ফেব্রুয়ারি ২০১৭, সোমবার, সকাল ১১টায়) বাংলা বিভাগের উদ্যোগে ‘বসন্ত বরণ-১৪২৩’ উদযাপন অনুষ্ঠান ভাষা শহীদ রফিক ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষণা করেন।

বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক ড. সেলিম ভূঁইয়া ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম বক্তব্য প্রদান করেন। শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন অনুষ্ঠানের সভাপতি ও বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আরজুমন্দ আরা বানু এবং স্বাগত বক্তব্য প্রদান করেন বাংলা বিভাগ সাংস্কৃতিক কমিটির আহবায়ক ড. পারভীন আক্তার জেমী।

এছাড়াও অনুষ্ঠানে South China University of Technology, School of International Education-এর ডেপুটি ডিন Prof. Dr. Liu Cheng, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. প্রিয়রত পাল, সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আবদুল বাকী, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, নৃত্য, গান ও আবৃত্তি পরিবেশনার মধ্য দিয়ে বসন্ত বরণ উদযাপিত হয়। অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী উপভোগ করেন।